Bengal Students

# MADHYAMIK EXAMINATION 2008

বাংলা- দ্বিতীয় পত্র

পূর্ণমান- ৯০(নিয়মিত পরিক্ষার্থীর জন্য)

[নতুন পাঠ্যক্রম]

১. প্রতিটি উত্তর অনাধিক তিনটি ব্যাক্যে লিখে যে- কোনো তিনটি প্রশ্নের উত্তর দাওঃ [৩x২=৬]

১.১ “যে- যায়, সে তো আর ফিরে না”- বক্তার কখন এরুপ উপলব্ধি ঘটেছিল ?

১.২ “সে- ই কেবল কাঁদিল না”।– উদ্দিষ্ট ব্যক্তির না কাঁদার কারণ কী ?

১.৩ “ওর সবচেয়ে বিপদের দিন”,- দিনটি ‘সবচেয়ে বিপদের’কেন ?

১.৪ “এমন ধরনের দৃশ্য ওরা জীবনে কখনো দেখেনি”!- কোন দৃশ্যের কথা এখানে বলা হয়েছে?

১.৫ “ছোকরার পেটে এলেম আছে”,- বক্তা এখানে কোন ‘এলেমে’র ইঙ্গিত দিয়েছেন ?

১.৬ “আমরা ওই বায়ুকে দূষিত বায়ু বলি”।–বায়ুকে কখন দূষিত বলা হয়?

২. প্রতিটি উত্তর কম- বেশি ছটি বাক্যে লিখে যে- কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাওঃ ৫x৫=২৫

২.১ “তাহার আভাস পাইতাম কিন্তু নাগাল পাইতাম না”।– এখানে কীসের আভাসের কথা বলা হয়েছে ? এই নাগাল না পাবার ফল কী হয়েছিল ? ২+৩

২.২ “গফুর দ্বিতীয়বার আত্মবিস্মৃত হইল”,- কখন গফুরের দ্বিতীয়বার আত্মবিস্মৃতি ঘটেছিল ? এই আত্মবিস্মৃতির পর সে কী করেছিল ? ২+৩

২.৩ “বাজাটা ব্যাচেয়া যা পাই তোক পাঠামো”।– এখানে কোন ‘বাজাটা’র কথা বলা হয়েছে ? বক্তা সেটা বেচতে চায় কেন ? ২+৩

২.৪ ‘কী ভয়ানক প্রতিহিংসা নিবারণের,কিছুই ও ভোলে না’।– নিবারণের প্রতিহিংসার কারন কী ? কীভাবে সে প্রতিহিংসা চরিতার্থ করেছিল? ২+৩

২.৫ সাধারন দূষণের তুলনায় তেজস্ক্রিয় দূষণের পার্থক্য কী ? তেজস্ক্রিয়ার বিকিরণ কী কী ক্ষতি করে তা ‘পরিবেশ দূষণ’ প্রবন্ধ অবলম্বনে লেখো। ২+৩

২.৬ ‘রাত দুপুরের পরে একটা বিরাট বিস্ফোরণের শব্দে ওদের তন্দ্রা ছুটে গেল’।– তন্দ্রা ভেঙে তারা কী দেখল ? বিস্ফোরণের ফলে তাদের কী ক্ষতি হয়েছিল ? ১+২+২

২.৭ “এই শৃঙ্গে উঠিলেই তোমার অভীষ্ট সিদ্ধ হইবে”।–উদ্দিষ্ট ব্যক্তির অভীষ্ট কী ছিল ? সেই অভীষ্ট কীভাবে সিদ্ধ হয়েছিল খুব সংক্ষেপে তার বিবরণ দাও।

www.bengalstudents.com

১+৪

৩. কম- বেশি পনেরোটি বাক্যে যে- কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ১০

৩.১ 'বলাই' গল্পে প্রকৃতির সঙ্গে বলাইয়ের যে অচ্ছেদ্য সম্পর্ক গড়ে উঠেছিল, তার পরিচয় দাও ।

৩.২ 'নোনাজল' গল্পে সমীরুদ্দির যে চরিত্র- বৈশিষ্ট্য প্রকাশ পয়েছে, তার বিবরণ দাও ।

৩.৩ 'সভ্য ও অসভ্য'রচনা অনুসরণে আমেরিকার আদিম নিবাসী ও ইউরোপীয় সভ্য ব্যক্তির চরিত্রের তুলনামূলক আলোচনা করো ।

৪. উৎস- নির্দেশসহ প্রতিটি টীকা অনধিক চারটি বাক্যে লেখো(যে- কোনো দুটি)ঃ
২x২=৪

৪.১ ভগীরথ

৪.২ এমাক

৪.৩ কোমলগান্ধার

৪.৪ খুঁটির জোর

৫. কম- বেশি পনেরোটি বাক্যে যে- কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ১০

৫.১ বনফুলের 'দুধের দাম' গল্পে শিক্ষিত বাঙালি মধ্যবিত্ত শ্রেণির যে পরিচয় পাওয়া যায় তা বর্ণনা করো । এর বিপরীতে বৃদ্ধার প্রতি শিক্ষাহীন অবাঙালি মালবাহকের আচরনে যে মানবিক সত্য ফুটে উঠেছে তার পরিচয় দাও।
[৫+৫]

৫.২ 'বঙ্কুবাবুর বন্ধু' গল্পে শ্রীপতিবারুর বাড়ির আড্ডার মধ্যে সমাজের কোন্ পরিচয় পাওয়া যায় ? অ্যাং- এর সঙ্গে দেখা হবার পর বঙ্কুবাবুর চরিত্রে কী পরিবর্তন হয়েছিল ?

৬. নির্দেশ অনুসারে উত্তর দাওঃ [১০

৬.১ নীচের বাক্যগুলিতে যে- সব সন্ধিবদ্ধ পদ আছে,তাফের সন্ধিবিচ্ছেদ করো (যে- কোনো দুটি)ঃ [২x১=২]

৬.১.১ আমি আপনাকে লোকালয়ে পঁহুছাইয়া দিব। (সভ্য ও অসভ্য)

৬.১.২ চার পাঁচ দণ্ডের মধ্যে অবশ্যসূর্য়োদয় হইবে। (সাগরসংগ্মে নবকুমার)

৬.১.৩ সেই প্রস্তরস্তূপ ইতস্তত বিক্ষিপ্ত রহিয়াছে। (ভাগীরথীর উৎস- সন্ধানে)

৬.১.৪ নন্দন- কাননে ভ্রমে দুরাচার দৈত্য? (বিভীষণের প্রতি ইন্দ্রজিৎ)

৬.২ নীচের বাক্যগুলিতে যে- সব সমাসবদ্ধ পদ আছে, তাদের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখো (যে- কোনো দুটি)ঃ [২x১=২]

৬.২.১ গফুর নীরব হইয়া রহিল । (মহেশ)

৬.২.২ এক নতুন লেখক খালাসিদের সম্বন্ধে একটি দরদভরা লেখা ছেড়েছে।
(নোনাজল)

৬.২.৩ ভাবছে তারা সুন্দরেরই জয়ধ্বনি করছে জোরে ?(পথের দিশা)

৬.২.৪ সেই পিদ্দিমের আলো দেখা যায়, জনম- দুখিনির ঘর।(জনমদুখিনির ঘর)

৬.৩ নীচের চিহ্নিত পদগুলিতে যার ক্রিয়াপদের সঙ্গে সম্পর্কে আছে তার কারক এবং যার ক্রিয়া ছাড়া অন্য পদের সঙ্গে সম্পর্কে আছে সেটি সম্বন্ধ না সম্বোধন পদ, তা নির্নয় করে সংশ্লিষ্ট পদের বিভক্তি নির্দেশ করো (যে- কোনো দুটি): [২x১=২]

৬.৩.১ তাহা <u>পণ্ডিতে</u> বলিতে পারে না।(সাগরসংগ্রামে নবকুমার)

৬.৩.২ <u>মাসি</u>, মেটে আলু আন্না করবে ? (হারুন সালেমের মাসি)

৬.৩.৩ তিরিশ বছর ভিজায়ে রেখেছি দুই নয়নের <u>জলে</u> ।(কবর)

৬.৩.৪ স্থাপিলা বিধুরে বিধি স্থানুর ললাটে । (বিভিষণের প্রতি ইন্দ্রজিৎ)

৬.৪ নির্দেশ অনুসারে রুপান্তর করো (যে- কোনো চারটি): [৪x১=৪

৬.৪.১ ভাবতেই ওর কষ্ট হল (হারুন সালেমের মাসি) [কর্তৃবাচ্যে]

৬.৪.২ আহা!- কী দেখিলাম! (সাগরসংগ্রামে নবকুমার) [নির্দেশক বাক্যে]

৬.৪.৩ পুস্করিণী নির্জন হইয়া গেলে সেই বট গাছের তলাটা আমার সমস্ত মনকে অধিকার করিয়া লইত । (ঘর ও বাহির) [জটিল বাক্যে]

৬.৪.৪ হুজুর, এ- দুনিয়ায় ইনসাফ কোথায় ?(নোনাজল) [নেতিবাচক বাক্যে]

৬.৪.৫ তাহারা বাঁশে বাঁধিয়া মহেশকে ভাগাড়ে লইয়া চলিল । (মহেশ)[চলিত গদ্যে]

৬.৪.৬ বুঝলাম কিছু একটা হয়েছে । (নোনাজল) [সাধু গদ্যে]

৬.৪.৭ তব বাক্যে ইছি মরিবারে (বিভিষণের প্রতি ইন্দ্রজিৎ) [লেখ্য গদ্যে]

৭. নির্দেশ অনুসারে উত্তর দাওঃ

৭.১ যে- কোনো একটি প্রশ্নের উত্তর দাও। [১x৫=৫]

৭.১.১ 'বহুব্রীহি' শব্দটির সাধারন অর্থ কী ? ব্যাকারনের কোন প্রসঙ্গে শব্দটি ব্যবহার হয় ? । ব্যাকরণে শব্দটি ব্যাবহার করার কারণ উদাহরন দিয়ে বুঝিয়ে দাও। [১+১+৩]

৭.১.২ 'পাঠসংকলনে' অন্তভুক্ত 'ছেঁড়া তার' নাট্যাংশটির সংলাপগুলি বাংলার কোন কথ্য উপভাষায় রচিত ? এই কথ্য উপভাষা কোন এলাকায় প্রচলিত ? উদাহরন দিয়ে কথ্য উপভাষার তিনটি ব্যাকরণগত বৈশিষ্ট্য নির্দেশ করো । [১+১+৩]

৭.২ যে কোনো একটির উত্তর দাওঃ [১x৪=৪]

৭.২.১ নীচের শব্দগুলির 'দল' বিশ্লেষণ করে কোন্ শব্দে কটি দল আছে নিদের্শ করো (যে- কোনো চারটি)

www.bengalstudents.com

রবিন্দ্রনাথ; প্রতিবিধান; প্রত্যন্ত; অধিনায়ক; টেরাকোটা; কৃষ্ণকান্ত।

৭.২.২ বাক্যে ব্যবহৃত শব্দের মাধ্যমে যে- কোনো চারটি প্রোয়োগ দেখাওঃ
স্বরভক্তি; সামক্ষরলোপ; আদিস্বরলোপ; শব্দদ্বৈত; বাংলায় ব্যবহৃত বিদেশি প্রত্যয়; অভিশ্রুতি ।

৭.২.৩ ব্যুতপত্তি নির্ণয় করো (যে- কোনো চারটি)ঃ
বর্তমান; কর্তব্য; পূজারি; তামাটে; মামলাবাজ; গাঙ্গেয় ।

৭.২.৪ উৎস অনুসারে নীচের শব্দগুলির শ্রেণি নির্ণয় করো (যে কোনো চারটি)।
প্রাচিত্তির; লতা; আলতা; সুনামি; উড়ালপুল; হরতাল ।

৭.৩ যে কোনো একটির উত্তর দাওঃ [১x৪=৪]

৭.৩.১ আলাদা আলাদা বাক্যে প্রয়োগ করে যে- কোনো চারটির উদাহরণ দাওঃ
সম্বন্ধ বিশেষণ; বাক্যাশ্রয়ী বিশেষণ; ধ্বন্যাত্মক বিশেষণ; বিশেষণের; বিশেষণ; সংখ্যা বিশেষণ; প্রশ্নবাচক বিশেষণ ।

৭.৩.২ নীচের চিহ্নিত পদ গুলি কী জাতীয় সরবোনাম, তা নির্দেশ করো (যে কোনো চারটি)

৭.৩.৩.১ ওটা রেখে দাও, কাজে লাগবে।

৭.৩.৩.২ রুদ্ধ দুয়ারে কারাঘাত করে কারা ডারাডাকি করে?

৭.৩.৩.৩ এর বেশি কেউ একটা আধলা দেবে না।

৭.৩.৩.৪ আপনারে বড়ো বলে বড়ো সেই নয়।

৭.৩.৩.৫ সবাই যখন বুদ্ধি জোগায় আমরা করি ভুল ।

৭.৩.৩.৬ যারে তুমি নীচে ফেল সে তোমারে বাঁধিবে নীচে।

৭.৩.৩.৭ ‘হার’- এই শব্দটির পূরবে চারটি উপসর্গ বসিয়ে চারটি নতুন শব্দ তৈরী করো এবং তাদের দেয়ে চারটি আলাদা আলাদা বাক্য গঠন করো।

৭.৪ যে- কোনো একটির উত্তর দাওঃ [১x৪=৪]

৭.৪.১ সাধিত ধাতুকে প্রধানত কী কী ভাগে ভাগ করা যায়? বাক্যের মাধ্যমে প্রতিটি ভাগের একটি করে উদাহরন দাও। [১।+৩

৭.৪.২ নীচের বাক্যগুলি ক্রিয়াপদের ‘প্রকার’ নির্ণয় করো (কাল- নির্দেশ নিষ্প্রয়োজন) [যে কোনো চারটি]

৭.৪.২.১ পশ্চিম আজি খুলিয়াছে দ্বার।

৭.৪.২.২ ভ্রমিতা বনে বনে।

৭.৪.২.৩ যে জন দিবসে মনের হরষে জ্বালায় মোমের বাতি।

৭.৪.২.৪ অনেকদিন পযন্ত আমার সঙ্গে একটি কথাও কননি।

৭.৪.২.৫ বাবু ছিপ হাতে পারিষদ সাথে ধরিতেছিলেন মাছ।

৭.৪.২.৬ অশায় জাতি মরিছে ডুবিয়া।

www.bengalstudents.com

www.bengalstudents.com

৭.৫ যে- কোনো একটির উত্তর দাওঃ [১x৪=৪]

৭.৫.১ বাক্য গঠন করে সাপেক্ষ শব্দজোড়ের চারটি ভিন্ন ভিন্ন প্রয়োগ দেখাও।

৭.৫.২ শুদ্ধ বানান্টি লেখো (যে- কোনো চারটি)
অংক/অঙ্গ; সারোদোৎসব/শারদোৎসব; মূল্যায়ণ/মূল্যায়ন;
সম্বর্ধনা;/সংবর্ধনা; সংস্কৃতিমান; সমৃদ্ধশালী/সমৃদ্ধিশালী।

৮. যে- কোনো একটির উত্তর দাওঃ [১x৪=৪]

৮.১ আলাদা চারটি বাক্যে চারটি বাগ্‌ধারার প্রয়োগ দেখাওঃ
আক্কেল- সেলামি; ডুমুরের ফুল; দু'নুখো সাপ; গোড়ায় গলদ; মাটির মানুষ; কড়ায়- গণ্ডায়।

৮.২ নীচের রচনাংশটিতে উপযুক্ত বিরাম চিহ্ন বসাওঃ
জবাব না পাইয়া গফুর চেঁচাইয়া কহিল হয়েছে ভাত কী বললি হয়নি কেন শুনি চাল নেই বাবা চাল নেই সকালে আমাকে বলিসনি কেন তোমাকে রাত্তিরে যে বলেছিলুম

www.bengalstudents.com